

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 08 April, 2025

জামালপুরের বকশীগঞ্জ নদী ও খাপড়াপাড়া খালে ভাঙন রোধে বাঁধ নির্মাণের দাবিতে মানববন্ধন করেছেন এলাকাবাসী।

মঙ্গলবার (৮ এপ্রিল) সকালে স্থানীয় ঘুঘরাকান্দি, চর আইরমারী, মুন্দি পাড়া, মুন্সি পাড়া, মাদারের চর, খাপড়া পাড়া, কলকিহারা ও বাঘাডুবা গ্রামের মানুষের উদ্যোগে দশানী ও খাপড়া পাড়া খালের পাড়ে ওই মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

মানববন্ধনে দশানী নদীর ভাঙন ও খাপড়া পাড়া খালের ভাঙন রোধে বাঁধ নির্মাণের দাবি জানান ভাঙনের শিকার ১১ টি গ্রামের মানুষ। তারা এসময় জামালপুর জেলা প্রশাসক, পানি উন্নয়ন বোর্ডের হস্তক্ষেপ কামনা করেন।

বক্তারা বলেন, গত কয়েক বছরে দশানী নদী ও খাপড়া পাড়া খালে ভাঙনের কবলে পড়ে কয়েক শত মানুষ ভিটে মাটি হারা হয়েছেন। শত শত বিঘা জমি নদী গর্ভে বিলীন হয়ে গেছে। তাই দ্রুত এই খালের ওপর বাঁধ নির্মাণ হলে ১১ টি গ্রামের মানুষ ভাঙনের কবল থেকে রক্ষা পাবে।

মানববন্ধনে এসময় বক্তব্য রাখেন উপজেলা জামায়াতের যুব বিভাগের সভাপতি কারিমুল ইসলাম, সাবেক ইউপি সদস্য হেলাল উদ্দিন, জালাল উদ্দিন, সাবেক ইউপি সদস্য হুমায়ুন কবির, সুরুজ আলী, আলমাছ হোসেন, শের আলী, সাদা মিয়া, বারেক মিয়া, মোতালেব হোসেন ও আলাল উদ্দিন। মানববন্ধনে প্রায় সহস্রাধিক মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশ গ্রহণ করেন।

জামালপুর মানববন্ধন নির্মাণ